



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
লাকসাম, কুমিল্লা।

স্মারক নংঃ ৪৭.৬২.১৯৭২.১০৯.১৮.০১০.১৭.২৫(২)

তারিখঃ ১৯/০২/২০২৩খ্রিঃ

সভার নোটিশ

লাকসাম উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৭/০২/২০২৩খ্রিঃ, রোজ- সোমবার, বিকাল- ৩.০০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচীঃ

- ০১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। ঋন বিতরণ ও খেলাপী ঋণ আদায় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ০৩। সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন
- ০৪। বিবিধ।



(মোঃ শরীফ মজুমদার)  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
লাকসাম, কুমিল্লা।

স্মারক নংঃ ৪৭.৬২.১৯৭২.১০৯.১৮.০১০.১৭.২৫(২)

তারিখঃ ১৯/০২/২০২৩খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
- ০৩। মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০৪। জনাব .....সদস্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০৫। উপজেলা .....কর্মকর্তা ও সদস্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
- ০৬। অফিস কপি।



উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
লাকসাম, কুমিল্লা।

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সদস্যদের উপস্থিতিঃ

তারিখ : ২৭/০২/২০২৩খ্রিঃ

| ক্রমিক<br>নং | নাম   | পদবী                                  | স্বাক্ষর   |
|--------------|---|---------------------------------------|------------|
| ০১           | জনাব পড়শী সাহা   | সভাপতি, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | স্বাক্ষরিত |
| ০২           | জনাব মোঃ নজরুল ইসলাম<br>চেয়ারম্যান, আজগরা ইউপি             | সদস্য                                 | স্বাক্ষরিত |
| ০৩           | জনাব মোঃ নিজাম উদ্দিন শামীম<br>চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি | সদস্য                                 | স্বাক্ষরিত |
| ০৪           | জনাব মোঃ শাহাদাত হোসেন<br>ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক    | সদস্য                                 | স্বাক্ষরিত |
| ০৫           | জনাব মোঃ শাহজান মিয়া<br>উপজেলা সমবায় অফিসার               | সদস্য                                 | স্বাক্ষরিত |
| ০৬           | জনাব মোঃ শরীফ মজুমদার<br>উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা       | সদস্য সচিব                            | স্বাক্ষরিত |



উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটি সভার কার্যবিবরণী  
স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন  
তারিখঃ ২৭/০২/২০২৩ খ্রিঃ সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা  
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য

অদ্যকার সভা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের সভাপতিত্বে যথাসময়ে আরম্ভ হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচী ০১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচ্যসূচী ০১ মোতাবেক উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কোন প্রকার সংযোজন বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

আলোচ্যসূচী ০২ঃ ঋণ বিতরণ ও খেলাপী ঋন আদায় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচ্যসূচী ০২ মোতাবেক উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ঋণ বিতরণ ও ঋন আদায় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তবে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের টাকা সন্তোষজনক ভাবে আদায় হচ্ছেনা। মাঠ থেকে টাকা নিয়মিত আদায় না হলে এক সময় ঋণ বিতরণ কার্যক্রম স্থবির হয়ে পড়বে। বার বার নোটিশ প্রদান এবং সরাসরি যোগাযোগ করে ও কোন ফলাফল পাওয়া যায়নি। এ ব্যাপারে সকলের সহযোগীতা কামনা করেন। সভাপতি মহোদয় ঋণ খেলাপী সদস্যদের তালিকা ঠিকানা ও মোবাইল নম্বর সহ প্রস্তুত করে প্রদান করা জন্য বলেন। চূড়ান্ত নোটিশ প্রদান করার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে এ বিষয়ে সকল সদস্যগণ একমত পোষন করেন এবং প্রস্তাবটি সভায় অনুমোদিত ও গৃহিত হয়।

আলোচ্যসূচী ০৩ঃ সমবায় বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, সমিতির অডিট ও অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলছে। চলতি অর্থবছর নীট লাভের উপর ভিত্তি করে জেলা সমবায় কার্যালয় থেকে নির্ধারিত অডিট ফি ও সিডিএফ আদায় করে নির্ধারিত কোডে জমা করা হয়েছে। তাছাড়া আশ্রয়ণ প্রকল্পে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

আলোচ্যসূচী ০৪ঃ বিবিধ

ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক জানান আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম সন্তোষজনক হচ্ছে। তাছাড়া ঋণ বিতরণ সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সহযোগীতা কামনা করেন। বিস্তারিত আলোচনা শেষে এ বিষয়ে সকল সদস্যগণ একমত পোষন করেন এবং প্রস্তাবটি সভায় অনুমোদিত ও গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।



(পড়শী সাহা)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি

লাকসাম, কুমিল্লা।